দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
শুক্রবার ১০ জানুয়ারি ২০২৫ | www.edainikazadi.net | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগে পৌষ পার্বণ

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের উদ্যোগে পৌষ-পার্বণ-২০২৫ আয়োজন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় উৎসবে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। বিভাগের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে উৎসবের উদ্বোধন করেন প্রফেসর ড. মোহীত উল আলম।

তিনি বলেন, পিঠা উৎসব খুবই আনন্দের। কিন্তু পিঠা তৈরির উপকরণ যেখান থেকে এসেছে, সেই জায়গাটা আনন্দের নয়। গ্রামের কৃষকের কঠোর শ্রম ও ঘাম এই উপকরণ অর্থাৎ চাল বা ধানের সঙ্গে জড়িত। তারাই এই চাল বা ধান উৎপাদন করে থাকে। কিন্তু তারপরও তাদের দারিদ্র ঘোচে না। পিঠা উৎসবের পাশাপাশি শিক্ষার্থীদের এই বিষয়টা মনে রাখা দরকার। তাতে তাদের মধ্যে দেশপ্রেম জাগ্রত হবে।

এ সময় উপস্থিত ছিলেন সহকারী প্রক্টর মীর মো. তরিকুল আলম, প্রভাষক অর্পা পাল ও আবদুল্লাহ আল মোজাহিদ। পৌষ পার্বণ-২০২৫ এ পিঠা ও গহনা প্রদর্শনী ছিল। পিঠা প্রদর্শনীতে পৌষের পসরা, পিঠাকুঞ্জ, পানতোয়া, পাহাড়িয়ানা, চিরায়ত পিঠাঘর, ওডে তো পিঠা, মেহজাবিন ডেজার্ট হেভেন ও পিঠা পার্বণ প্রভৃতি স্টল বাঙালি ও পাহাড়ি পিঠা প্রদর্শন করে। পিঠাগুলোর মধ্যে ছিল নকশি পাক্কন, ফুলঝুরি পিঠা, দুধপুলি, মুক্করি, পাটিসাপ্টা, ছই পাক্কন, নারকেল পুলি, গোলাপের পিঠা, সুজির রসবরা, গুড়ের পায়েস, পানতোয়া, পোয়া, জামাই পিঠা, ভাঁপা পিঠা, চুঁই পিঠা, ও বাড়া পিঠা প্রভৃতি। প্রেস বিজ্ঞপ্তি।

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগে পৌষ পার্বণ পরিদর্শন করছেন প্রফেসর ড. মোহীত উল আলম

Ref: Daily Azadi, Date: 10 January 2025, Page: 3, Col: 4
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2025-01-10

চট্টগ্রাম শুক্রবার ১০ জানুয়ারি ২০২৫

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

৩৯তম বর্ষ ৩১৮তম সংখ্যা।। ২৬ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ।। ৯ রজব ১৪৪৬ হিজরি।। Friday 10 January 2025

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগে পৌষ পার্বণ

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের উদ্যোগে পৌষ পার্বণ-২০২৫ আয়োজন করা হয়েছে। গতকাল (৯ জানুয়ারি) বৃহস্পতিবারএই উৎসবে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউ-নিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। বিভাগের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে উৎসবের উদ্বোধন করেন প্রফেসর ড. মোহীত উল আলম। তিনি বলেন, পিঠা উৎসব খুবই আনন্দের। কিন্তু পিঠা তৈরির উপকরণ যেখান থেকে এসেছে, সেই জায়গাটা আনন্দের নয়। গ্রামের কৃষকের কঠোর শ্রম ও ঘাম এই উপকরণ অর্থাৎ চাল বা ধানের সঙ্গে জড়িত। তারাই এই চাল বা ধান উৎপাদন করে থাকে। কিন্তু তারপরও তাদের দারিদ্র ঘোচে না। পিঠা উৎসবের পাশাপাশি শিক্ষার্থীদের এই বিষয়টা মনে রাখা দরকার। তাতে তাদের মধ্যে দেশপ্রেম জাগ্রত হবে।এ সময় উপস্থিত ছিলেন সহকারী প্রক্টর মীর মো. তরিকুল আলম, সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের প্রভাষক অর্পা পাল ও আবদুল্লাহ আল মোজাহিদ। পৌষ পার্বণ-২০২৫-এ পিঠা ও গহনা প্রদর্শনী ছিল। পিঠা প্রদর্শনীতে পৌষের পসরা, পিঠাকুঞ্জ, পানতোয়া, পাহাড়িয়ানা, চিরায়ত পিঠাঘর, ওডে তো পিঠা, মেহজাবিন ডেজার্ট হেভেন ও পিঠা পার্বণ প্রভৃতি স্টল বাঙালি ও পাহাড়ি পিঠা প্রদর্শন করে। পিঠাগুলোর মধ্যে ছিল নকশি পাক্কন, ফুলঝুরি পিঠা, দুধ-পুলি, মুক্কুরি, পাটিসাপ্টা, ছই পাক্কন, নারকেল পুলি, গোলাপের পিঠা, সুজির রসবরা, গুড়ের পায়েস, পানতোয়া, পোয়া, জামাই পিঠা, ভাঁপা পিঠা, চুঁই পিঠা, চিতই পিঠা, ব্যাঙ্গু সিকেন, ফ্রাওসা লাকসু, কলা পাতার পিঠা, সাইন্না পিঠা, পয়জারা, চিকেন লাকসু ও বাড়া পিঠা প্রভৃতি।-বিজ্ঞপ্তি

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগে পৌষ পার্বণ-২০২৫ পরিদর্শন করছেন প্রফেসর ড. মোহীত উল আলম ও অন্যরা

Ref: Daily Purbokone, Date: 10 January 2025, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2025-01-10

আজ শুক্রবার
চট্টগ্রাম
১০ জানুয়ারি ২০২৫
২৬ পৌষ ১৪৩১
৯ রজব ১৪৪৬
৮ পৃষ্ঠা, ৭ টাকা

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com

মুক্তিযোদ্ধাদের কঠোর আন্দোলনের হুমকি ৮ | ৩ | ৪ | ৬

প্রিমিয়ার ইউনিভার্সিটির পৌষ পার্বণ মেলা পরিদর্শন করেন প্রফেসর ড. মোহীত উল আলম ও অন্যরা

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব বিভাগে পৌষ পার্বণ

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের উদ্যোগে পৌষ পার্বণ-২০২৫ আয়োজন করা হয়েছে। ৯ জানুয়ারি সকাল ১১টায় এই উৎসবে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। বিভাগের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে উৎসব উদ্বোধন করেন প্রফেসর ড. মোহীত উল আলম। তিনি বলেন, পিঠা উৎসব খুবই আনন্দের। কিন্তু পিঠা তৈরির উপকরণ যেখান থেকে এসেছে, সেই জায়গাটা আনন্দের নয়। গ্রামের কৃষকের কঠোর শ্রম ও ঘাম এই উপকরণ অর্থাৎ চাল বা ধানের সঙ্গে জড়িত। তারাই এই চাল বা ধান উৎপাদন করে থাকে। কিন্তু তারপরও তাদের দারিদ্র ঘোচে না।

রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, শহরকেন্দ্রিক জীবন গড়ে উঠার প্রবণতার কারণে আমাদের গ্রামের পিঠা সংস্কৃতি মলিন হয়ে গেছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পিঠা উৎসবের মাধ্যমে সেই পিঠা সংস্কৃতি আবার উজ্জ্বল করে তুলছে। এসময় উপস্থিত ছিলেন সহকারী প্রক্টর মীর মো. তরিকুল আলম, সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের প্রভাষক অর্পা পাল ও আবদুল্লাহ আল মোজাহিদ। পৌষ পার্বণ-২০২৫-এ পিঠা ও গহনা প্রদর্শনী ছিল। পিঠা প্রদর্শনীতে পৌষের পসরা, পিঠাকুঞ্জ, পানতোয়া, পাহাড়িয়ানা, চিরায়ত পিঠাঘর, ওডে তো পিঠা, মেহজাবিন ডেজার্ট হেভেন ও পিঠা পার্বণ প্রভৃতি স্টল বাঙালি ও পাহাড়ি পিঠা প্রদর্শন করে। পিঠাগুলোর মধ্যে ছিল নকশি পাক্কন, ফুলঝুরি পিঠা, দুধপুলি, মুক্করি, পাটিসাপ্টা, ছই পাক্কন, নারকেল পুলি, গোলাপের পিঠা, সুজির রসবরা, গুড়ের পায়েস, পানতোয়া, পোয়া, জামাই পিঠা, ভাঁপা পিঠা, চুঁই পিঠা, চিতই পিঠা, ব্যাম্বু সিকেন, ফ্রাওসা লাকসু, কলা পাতার পিঠা, সাইন্না পিঠা, পয়জারা, চিকেন লাকসু ও বাড়া পিঠা প্রভৃতি। খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের পরে পৌষ পার্বণ-২০২৫-এর সমাপ্ত হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 10 January 2025, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?page=1&date=2025-01-10

চট্টগ্রাম • শুক্রবার • ১০ জানুয়ারি ২০২৫ • ২৬ পৌষ ১৪৩১ • ৯ রজব ১৪৪৬ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২১ সংখ্যা ১৪৫

২১ বছরে সুপ্রভাত

প্রতিটি প্রভাতে হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ রবীন্দ্রনাথ ঠাকুরের অসাম্প্রদায়িক চেতনা

৫ শিক্ষার্থীদের উৎসাহিত করতে শিক্ষাবৃত্তি ভূমিকা পালন করে

৬ সোহানের কাছে হারলো বরিশাল

শৈত্যপ্রবাহে জনদুর্ভোগ কমাতে সচেষ্ট হতে হবে

আগামী দুয়েক দিনের মধ্যে দেশের উত্তরাঞ্চলসহ কয়েক জায়গায় শুরু হতে পারে শৈত্যপ্রবাহ। যদিও এ শৈত্যপ্রবাহ চট্টগ্রামের ওপর দিয়ে বয়ে যাবে না বলে আবহাওয়া অধিদপ্তর সূত্রে জানা গেছে।

বিস্তারিত ► পৃষ্ঠা : ২

প্রিমিয়ার ইউনিভার্সিটির সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগে পৌষ পার্বণ-২০২৫ পরিদর্শন করছেন প্রফেসর ড. মোহীত উল আলম ও অন্যরা

প্রিমিয়ার ইউনিভার্সিটি

সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগে পৌষ পার্বণ

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের উদ্যোগে পৌষ পার্বণ-২০২৫ আয়োজন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় এই উৎসবে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। বিভাগের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক ড. সাদিকা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে উৎসবের উদ্বোধন করেন প্রফেসর ড. মোহীত উল আলম। তিনি বলেন, পিঠা উৎসব খুবই আনন্দের। কিন্তু পিঠা তৈরির উপকরণ যেখান থেকে এসেছে, সেই জায়গাটা আনন্দের নয়। গ্রামের কৃষকের কঠোর শ্রম ও ঘাম এই উপকরণ অর্থাৎ চাল বা ধানের সঙ্গে জড়িত। তারাই এই চাল বা ধান উৎপাদন করে থাকে। কিন্তু তারপরও তাদের দারিদ্র ঘোচে না। পিঠা উৎসবের পাশাপাশি শিক্ষার্থীদের এই বিষয়টা মনে রাখা দরকার। তাতে তাদের মধ্যে দেশপ্রেম জাগ্রত হবে। রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, শহরকেন্দ্রিক জীবন গড়ে উঠার প্রবণতার কারণে আমাদের গ্রামের পিঠা সংস্কৃতি মলিন হয়ে গেছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পিঠা উৎসবের মাধ্যমে সেই পিঠা সংস্কৃতি আবার উজ্জ্বল করে তুলছে। ড. সাদিকা সুলতানা চৌধুরী বলেন, শীত উদযাপনের একটি ঐতিহ্যবাহী অনুষঙ্গ হলো পিঠাপুলি উৎসব। এর মাধ্যমে আমরা ঐতিহ্য সংরক্ষণ করতে পারি, একই সঙ্গে স্মরণ করতে পারি আমাদের পূর্বপুরুষের সংস্কৃতি। এ সময় উপস্থিত ছিলেন সহকারী প্রক্টর মীর মো. তরিকুল আলম, সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের প্রভাষক অর্পা পাল ও আবদুল্লাহ আল মোজাহিদ। পৌষ পার্বণ-২০২৫-এ পিঠা ও গহনা প্রদর্শনী ছিল। পিঠা প্রদর্শনীতে পৌষের পসরা, পিঠাকুঞ্জ, পানতোয়া, পাহাড়িয়ানা, চিরায়ত পিঠাঘর, ওডে তো পিঠা, মেহজাবিন ডেজার্ট হেভেন ও পিঠা পার্বণ প্রভৃতি স্টল বাঙালি ও পাহাড়ি পিঠা প্রদর্শন করে। পিঠাগুলোর মধ্যে ছিল নকশি পাক্কন, ফুলঝুরি পিঠা, দুধপুলি, মুক্তরি, পাটিসাপ্টা, ছুই পাক্কন, নারকেল পুলি, গোলাপের পিঠা, সুজির রসবরা, গুড়ের পায়েস, পানতোয়া, পোয়া, জামাই পিঠা, ভাপা পিঠা, চুই পিঠা, চিতই পিঠা, ব্যাম্বু সিকেন, ফ্রাওসা লাকসু, কলা পাতার পিঠা, সাইন্না পিঠা, পয়জারা, চিকেন লাকসু ও বাড়া পিঠা প্রভৃতি। খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের পরে পৌষ পার্বণ-২০২৫-এর সমাপ্তি ঘটে। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 10 January 2025, Page: 5, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2025-01-10